# বুলুগুল মারাম

## হাদিস নাম্বারঃ ৩৫১

পর্ব - ২ঃ সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৯. নফল সালাত-এর বিবরণ - ফরয সালাতের আগে-পরে সুন্নাতের বর্ণনা

আরবী

وَعَنِ ابْنِ عُمَرَ ـ رَضِيَ اللَّهُ عَنْهُمَا ـ قَالَ: حَفِظْتُ مِنَ النَّبِيِّ ـ صلى الله عليه وسلم ـ عَشْرَ رَكَعَاتٍ: رَكْعَتَيْنِ قَبْلَ الظُّهْرِ, وَرَكْعَتَيْنِ بَعْدَهَا, وَرَكْعَتَيْنِ بَعْدَ الْمَغْرِبِ فِي بَيْتِهِ, وَرَكْعَتَيْنِ بَعْدَ الْعِشَاءِ فِي بَيْتِهِ, وَرَكْعَتَيْنِ قَبْلَ الصُّبْحِ. مُتَّفَقٌ عَلَيْهِ
وَفِي رِوَايَةٍ لَهُمَا: وَرَكْعَتَيْنِ بَعْدَ الْجُمْعَةِ فِي بَيْتِهِ

صحيح. رواه البخاري (1180)، ومسلم (729)، واللفظ للبخاري
صحيح. رواه البخاري (937)، ومسلم (729) وساقها الحافظ بالمعنى

বাংলা

৩৫১. ইবনু উমার (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম হতে আমি দশ রাক’আত সালাত আমার স্মৃতিতে সংরক্ষণ করে রেখেছি। যুহরের পূর্বে দু'রাক’আত পরে দু’ রাক’আত, মাগরিবের পরে দু'রাক’আত তাঁর ঘরে, ’ইশার পরে দু'রাক’আত তাঁর ঘরে এবং দু'রাক’আত সকালের (ফজরের) সালাতের পূর্বে।

উভয়েরই ভিন্ন এক বর্ণনায় আছে– “আর দু'রাক’আত জুমু’আহর পর তাঁর বাড়িতে”।[1]

ফুটনোট

[1] বুখারী ১১৮০, মুসলিম ৭২৩, তিরমিযী ৪২৫, ৪৩৩, ৫২২, নাসায়ী ৫৮৩, ১৪২৭, আবূ দাউদ ১১৩০, ইবনু মাজাহ ১১৪৫, আহমাদ ৪৪৯২

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন  বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবন উমর (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=70162

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন